# মাধ্যমিক পরীক্ষার বঙ্গানুবাদ (১৯৯০ - ২০২৩)

এখানে বিগত বছরগুলির মাধ্যমিক(WBBSE) বাংলা পরীক্ষায় আসা বঙ্গানুবাদগুলি উত্তর সহ দেওয়া হল। মূল বিষয় একই রেখে তোমরা নিজের মতো করে ভাষাকে সাজিয়ে নিতে পারো। বিগত তিরিশ (তেত্রিশ) বছরের মাধ্যমিক পরীক্ষার বঙ্গানুবাদ,

- যে কোনো অনুবাদ দু' রকমের হতে পারে-

১) আক্ষরিক অনুবাদ এবং
২) ভাবানুবাদ বা মর্মানুবাদ

অনেকের মতে মাধ্যমিক পরীক্ষাতে আক্ষরিক অনুবাদই কাম্য , কিন্তু তা সঠিক নয়। কেননা প্রত্যেক ভাষার নিজস্ব একটি রহস্য থাকে। তাই মর্মানুবাদই করার চেস্টা করা উচিত। তবে মনে রাখতে হবে, মূল রচনার অর্থ এবং ভাব যেন অনুবাদেও বজায় থাকে।

- সমগ্র অনুবাদটি হয় সাধু গদ্যে অথবা চলিত গদ্যে করতে হবে। সাধু-চলিত যাতে মিশে না যায় সেদিকে খেয়াল রাখতে হবে ।
- অনুবাদ করার সময় মূল রচনার ক্রিয়ার কাল, ভাব একই রাখতে হবে।
- অনুবাদ করার সময় বাক্যের গঠন পরিবর্তন করাই উচিত নয়। অর্থাৎ মূল রচনাতে কোনো বাক্য যদি সরল বাক্যে থাকে, তবে সেটিকে সরল বাক্যে অনুবাদ করতে হবে; বাক্যটি জটিল বাক্য হলে জটিল বাক্যে অনুবাদ করতে হবে এবং বাক্যটি যৌগিক বাক্যে থাকলে যৌগিক বাক্যেই অনুবাদ করা উচিত। তবে বাক্যটি অনেক বড় এবং জটিল অর্থবহ হলে সেটিকে একাধিক ছোটো বাক্যে লেখা যায়।
- প্রবাদ বাক্যের আক্ষরিক অনুবাদ না করে ভাবানুবাদ করা শ্রেয়।
- কঠিন শব্দ প্রয়োগ না করে মূল কথাটিকে সহজ ও সুন্দর করে প্রকাশ করাই শ্রেয়।

## মাধ্যমিক বাংলা পরীক্ষার বিগত বছরের বঙ্গানুবাদ

### মাধ্যমিক পরীক্ষা ২০২৩

It is very difficult to get rid of bad habits. So, we should be very careful that we do not get into bad habits in our childhood. Idleness is one such bad habit. Every boy and girl should be diligent.

উত্তর – বদভ্যাস থেকে মুক্তি পাওয়া খুবই কঠিন। সুতরাং আমাদের খুব সতর্ক হওয়া উচিৎ যে আমরা যাতে বদভ্যাসে অভ্যস্থ হয়ে না পড়ি। অলসতা এমনই একটি কুঅভ্যাস। প্রত্যেক ছেলে এবং মেয়েরেই পরিশ্রমী হওয়া উচিৎ।

### মাধ্যমিক পরীক্ষা ২০২২

Newspaper reading has become an essential part of our life. As we get up in the morning, we wait eagerly for a daily paper. The Twentieth Century was an age of newspapers. Through newspapers we gather information about different countries of the world.

উত্তর- খবরের কাগজ পড়া আমাদের জীবনের অপরিহার্য অঙ্গ হয়ে উঠেছে। সকালে ঘুম থেকে উঠেই আমরা আগ্রহের সঙ্গে দৈনিক খবরের কাগজের জন্য অপেক্ষা করি। বিংশ শতাব্দী ছিল সংবাদপত্রের যুগ। খবরের কাগজের মাধ্যমে আমরা পৃথিবীর বিভিন্ন দেশের সংবাদ সংগ্রহ করি।

## মাধ্যমিক পরীক্ষা ২০২১

২০২১ সালে করোনার (COVID-19) কারণে মাধ্যমিক পরীক্ষা হয়নি।

## মাধ্যমিক পরীক্ষা-২০২০

Home is the first school where the child learns his first lesson. He sees, hears and begins to learn at home. In a good home honest and healthy men are made. Bad influence at home spoils a child.

উত্তর: গৃহই হল শিশুর প্রথম বিদ্যালয় যেখানে সে তার প্রথম পাঠ গ্রহণ করে। সে দেখে, শুনে এবং গৃহেই শিখতে শুরু করে। উত্তম গৃহে সৎ এবং স্বাস্থ্যবান মানুষ তৈরি হয়। গৃহের কুপ্রভাব একটি শিশুকে নষ্ট করে দেয়।

## মাধ্যমিক পরীক্ষা-২০১৯

One day a fox was going beside the vineyard. He saw the ripe grapes hanging from a vine. He jumped but did not reach it. Because they were beyond his reach.

উত্তর: একদিন একটি শিয়াল আঙ্গুরখেতের পাশ দিয়ে যাচ্ছিল। সে দেখল একটি আঙ্গুরলতা থেকে পাকা আঙ্গুর ঝুলছে। সে লাফ দিল কিন্তু পৌঁছাতে পারল না। কারণ তারা তার নাগালের বাইরে ছিল।

## মাধ্যমিক পরীক্ষা-২০১৮

The teachers are regarded as the backbone of the society. They build the future citizens of the country. They love students as their children. The teachers always encourage and inspire us to be good and great in life.

উত্তর: শিক্ষকদের সমাজের মেরুদণ্ড হিসাবে গণ্য করা হয়। তারা দেশের ভবিষ্যৎ নাগরিকদের গড়ে তোলেন। তারা ছাত্রদের নিজের সন্তানের মতো ভালবাসেন। শিক্ষকরা সর্বদাই আমাদের উত্তম ও মহৎ হতে উৎসাহিত এবং অনুপ্রাণিত করেন।

## মাধ্যমিক পরীক্ষা-২০১৭

One day a dog stole a piece of meat from a butcher shop. He was crossing over a bridge. Suddenly, he saw his own shadow in the water. He thought that there was another dog and he had a bigger piece of meat.

উত্তর: একদিন একটি কুকুর একটি কসাইখানা থেকে এক টুকরো মাংস চুরি করল। সে একটি সেতু পার হচ্ছিল। হঠাৎ সে জলে তার নিজের ছায়া দেখতে পেল। সে ভাবল ওটা আরেকটা কুকুর এবং তার কাছে আরো বড় মাংসের টুকরো রয়েছে।

## মাধ্যমিক পরীক্ষা-২০১৬

Once there was a beautiful princess. When her mother died the king married another lady who had a magic mirror. The mirror said, ‘Queen ! you are beautiful but the princess is more beautiful than you.

উত্তর: একদা এক সুন্দর রাজকন্যা ছিল। যখন তার মা মারা গেলেন তখন রাজা আরও এক ভদ্রমহিলাকে বিয়ে করলেন, যার যাদু আয়না ছিল। আয়না বলল, ‘রানী! আপনি সুন্দর তবে রাজকন্যা আপনার চেয়েও বেশি সুন্দর।

### মাধ্যমিক পরীক্ষা-২০১৫

Once two women were quarrelling about the claim of a child. They went to the judge for justice. The judge called the executioner and ordered, “Cut the child into two halves and give one half to each of the women.” One of the women, when she heard the order, remained silent! but the other woman began to weep.

উত্তর: একদা দু'জন মহিলা একটি শিশুর ওপর অধিকারের দাবিতে ঝগড়া করতে করতে ন্যায়বিচারের জন্য একজন বিচারকের কাছে গেল। বিচারক ঘাতককে ডেকে আদেশ দিলেন, “শিশুটাকে দুখণ্ড করে কেটে ফেল এবং প্রত্যেককে একটি করে খণ্ড দিয়ে দাও”। তাদের মধ্যে একজন এই আদেশ শুনে চুপ করে থাকল; কিন্তু অপর মহিলাটি কাঁদতে শুরু করল।

### মাধ্যমিক পরীক্ষা-২০১৪

There was a shepherd boy. Everyday he would go up the hill to graze the sheep herd. One day, just to have fun he shouted, “Wolf! Help! Wolf! Help!” Down the hill, the

farmers were working in their field. They heard his cry to help and at once rushed to the boy.

উত্তর: এক যে ছিল রাখাল বালক। প্রতিদিন সে পাহাড়ের উপরে ভেড়ার পালকে চরাতে যেত। একদিন সে, নেহাতই মজা পাওয়ার জন্য, চিৎকার করে উঠল, “নেকড়ে! বাঁচাও! নেকড়ে! বাঁচাও।” পাহাড়ের নীচে চাষিরা মাঠে কাজ করছিল। তারা তার সাহায্যের আর্তি শুনল এবং সঙ্গে সঙ্গে সেই বালকের কাছে ছুটে এল।

মাধ্যমিক পরীক্ষা-২০১৩

There were once two friends-a lion and a bear. One day they went out in search of food. They were very lucky to find a dead deer lying in the forest. They were selfish friends. So each of them demanded full share of the dead animal. They could not reach any settlement. Then, there was a fight between the two.

উত্তর: কোনো এক সময় একটি সিংহ এবং একটি ভালুক- দুজনে বন্ধু ছিল। একদিন তারা খাদ্যের সন্ধানে বের হল। তারা খুব ভাগ্যবান ছিল, বনের মধ্যে একটা মৃত হরিণকে (তারা) পড়ে থাকতে দেখল। তারা ছিল স্বার্থপর বন্ধু। সেইজন্য তারা দু'জনেই মৃত পশুটির সম্পূর্ণ অংশ দাবি করল। তারা কোনো মীমাংসায় পৌছাতে পারল না। তখন তাদের দু'জনের মধ্যে লড়াই শুরু হয়ে গেল।

মাধ্যমিক পরীক্ষা-২০১২

Home is the first school where the child learns his first lesson. He sees, hears and begins to learn at home. It is home that builds his character. In a good home honest and healthy men are made. Bad influence at home spoils a child.

উত্তর: গৃহই হল প্রথম বিদ্যালয় যেখানে শিশু তার প্রথম পাঠ গ্রহণ করে। সে দেখে, শুনে এবং গৃহেই শিখতে শুরু করে। উত্তম গৃহে সৎ এবং স্বাস্থ্যবান মানুষ তৈরি হয়। গৃহের কুপ্রভাব একটি শিশুকে নষ্ট করে দেয়।

মাধ্যমিক পরীক্ষা-২০১১

Newspaper reading has become an essential part of our life. As we get up in the morning, we wait eagerly for the daily paper. Twentieth century was an age of newspapers. Through newspapers we gather information about different countries of the world.

উত্তর: খবরের কাগজ পড়া আমাদের জীবনের অপরিহার্য অঙ্গ হয়ে উঠেছে। সকালে ঘুম থেকে উঠেই আমরা আগ্রহের সঙ্গে দৈনিক খবরের কাগজের জন্য অপেক্ষা করি। বিংশ শতাব্দী ছিল সংবাদপত্রের যুগ। খবরের কাগজের মাধ্যমে আমরা পৃথিবীর বিভিন্ন দেশের সংবাদ সংগ্রহ করি।

মাধ্যমিক পরীক্ষা-২০১০

We should try to prosper in life. But we should not give up our sense of morality. If we compromise with dishonesty, it would be difficult for us to respect ourselves. So it is important to choose the right way. No person can be happy without having sincere friends.

উত্তর: আমাদের জীবনে উন্নতির জন্য চেষ্টা করা উচিত। কিন্তু আমাদের নৈতিকতা বোধ ত্যাগ করা উচিত নয়। আমরা যদি অসততার সঙ্গে আপোষ করি, তাহলে আমাদের নিজেদেরকে সম্মান করা কঠিন হয়ে দাঁড়াবে। সুতরাং সঠিক পথ নির্বাচন করাটা জরুরি। অন্তরঙ্গ বন্ধু ছাড়া কোনো মানুষ সুখী হতে পারে না।

মাধ্যমিক পরীক্ষা-২০০৯

Man is a social animal. He cannot live alone. No person can be happy without having sincere friends. But selfish people fail to make real friendships. Because to get love you must give love in return.

উত্তর: মানুষ একটি সামাজিক প্রাণী। সে একা থাকতে পারে না। আন্তরিক বন্ধু ছাড়া কোনও ব্যক্তি সুখী হতে পারে না। কিন্তু স্বার্থপর ব্যক্তিরা প্রকৃত বন্ধুত্ব তৈরি করতে ব্যর্থ হয়। কারণ ভালোবাসা পেতে হলে তোমাকেও বিনিময়ে ভালোবাসা দিতে হবে।

মাধ্যমিক পরীক্ষা-২০০৮

Once two friends started travelling. Their way lay through a forest. As they came half way through the forest, a bear was seen approaching slowly towards them. One of them climbed up a tree. The other did not know how to climb up a tree and lay flat on his face without breathing.

উত্তর: একদা দুই বন্ধু ভ্রমণে বের হল। তাদের পথটি ছিল এক জঙ্গলের ভেতর দিয়ে। যখন তারা জঙ্গলের মধ্য দিয়ে অর্ধেক পথ এসেছে, তখন একটা ভালুককে তাদের দিকে ধীরগতিতে এগিয়ে আসতে দেখা গেল। তাদের মধ্যে একজন একটা গাছে উঠে পড়ল। অন্যজন গাছে উঠতে জানত না, তাই সে নিঃশ্বাস বন্ধ করে উপুড় হয়ে মাটিতে শুয়ে পড়ল।

মাধ্যমিক পরীক্ষা-২০০৭

One day Sir Isaac Newton went out of his room leaving on the table a heap of papers containing his long research on the theory of light. There was on the floor of the room lying his pet dog, Diamond. No sooner had he gone than the dog jumped upon the table and upturned the lighted candle and the papers immediately caught fire. Returning after a few minutes Newton found that all his hard labour of twenty years had been reduced to ashes. But the great scientist patted the dog on the head exclaiming, "Oh, Diamond, you don't know what you have done!"

উত্তর: একদিন স্যার আইজ্যাক নিউটন তাঁর টেবিলের ওপর আলোকত্ত্ব সম্পর্কিত দীর্ঘ গবেষণার প্রচুর কাগজ রেখে ঘরের বাইরে যান। ঘরের মেঝেতে তাঁর পোষা কুকুর ডায়মণ্ড শুয়েছিল। তাঁর যাওয়া মাত্রই কুকুরটি লাফ দিয়ে টেবিলের ওপর উঠল এবং জ্বলন্ত মোমবাতিটি উল্টে দিল এবং সঙ্গে সঙ্গে কাগজগুলিতে আগুন লেগে গেল। কয়েক মিনিট পরে ফিরে এসে নিউটন দেখেন যে তাঁর কুড়ি বছরের কঠিন পরিশ্রমের সমস্তকিছু ছাইয়ে পরিণত হয়েছে। কিন্তু মহান বিজ্ঞানী কুকুরটির মাথায় হাত দিয়ে আদর করে বিস্ময়ের সুরে বললেন, 'ডায়মণ্ড তুমি জান না, তুমি কী করেছ'।

মাধ্যমিক পরীক্ষা-২০০৬

Once a soldier was made a prisoner of war. After a few years the war ended and he was released. One day while he was walking near a market he saw a bird-seller with a cage full of birds for sale. The soldier bought the cage and then set all the birds free one by one. When the people around asked him about his strange behaviour he replied "I know the agony of captivity".

উত্তর: একদা এক সৈনিক যুদ্ধবন্দি হয়েছিলেন। কয়েক বছর পরে যুদ্ধ শেষ হল এবং তিনি ছাড়া পেলেন। একদিন যখন তিনি একটা বাজারের কাছ দিয়ে হেঁটে যাচ্ছিলেন, তখন বিক্রির জন্য খাঁচাভরা পাখিসহ একজন পাখিবিক্রেতাকে তিনি দেখতে পেলেন। সৈনিক খাঁচাটি কিনে নিলেন এবং তারপর একে একে সব পাখিকে মুক্ত করে দিলেন। যখন তার চারপাশের লোকজন তার এই অদ্ভুত আচরণের ব্যাপারে জানতে চাইল, তখন তিনি উত্তর দিলেন, "বন্দিদশার যন্ত্রণা আমি জানি"।

মাধ্যমিক পরীক্ষা-২০০৫

Once on a summer day a poor cap-seller was going to a fair to sell caps. Being tired he sat under the shade of a tree leaving behind him his basket containing caps. The gentle breeze made him drowsy and soon he fell asleep. After a while he suddenly woke up and was surprised to find that there was not a single cap left in the basket. Then he began to cry.

উত্তর: একদা এক গ্রীষ্মের দিনে একজন গরিব টুপি-বিক্রেতা টুপি বিক্রি করবার জন্য মেলায় যাচ্ছিল। ক্লান্ত হয়ে, টুপি ভর্তি ঝুড়িটি পেছনে রেখে সে একটা গাছের ছায়ায় বসল। মৃদুমন্দ বাতাস তাকে তন্দ্রাচ্ছন্ন করল এবং শীঘ্রই সে ঘুমিয়ে পড়ল। কিছুক্ষণ পরে সে হঠাৎ জেগে উঠল এবং অবাক হয়ে দেখল যে তার ঝুড়িতে একটিও টুপি নেই। তখন সে কাঁদতে লাগল।

মাধ্যমিক পরীক্ষা ২০০৪

One morning a monk went out to beg for food. He met a farmer and asked for some alms. But the farmer refused to help him saying, "I plough my field, sow the seeds and gather grain. Thus it is only by working hard that I get my livelihood. But how can you obtain yours, since you neither plough nor sow?"

উত্তর: একদিন সকালে এক সন্ন্যাসী খাবার ভিক্ষা করতে বেরিয়েছিলেন। তার সঙ্গে এক কৃষকের দেখা হল এবং তিনি তার কাছ থেকে কিছু ভিক্ষা চাইলেন। কিন্তু কৃষক তাকে এই বলে সাহায্য করতে অস্বীকার করল "আমি আমার জমি চাষ করি, বীজ বপন করি এবং শস্য সংগ্রহ করি। এইভাবে একমাত্র কঠোর পরিশ্রমের মাধ্যমে আমি

আমার জীবিকা নির্বাহ করি। কিন্তু যেহেতু আপনি চাষও করেন না, বীজও বপন করেন না, আপনি কীভাবে আপনার জীবিকা নির্বাহ করতে পারেন?”

মাধ্যমিক পরীক্ষা-২০০৩

Last Saturday was a memorable day in my life. I went to the river to take my bath as usual. The bathing ghat was not crowded then. Only two boys were bathing in the river at the time. Suddenly one of them fell in deep water and he cried out for help. Hearing that, I was puzzled for a few seconds. Then I tried to help him.

উত্তর: গত শনিবারটি ছিল আমার জীবনের একটি স্মরণীয় দিন। যথারীতি আমি নদীতে স্নান করতে গিয়েছিলাম। তখন স্নানের ঘাটে ভিড় ছিল না। কেবলমাত্র দুটি ছেলে সেই সময় নদীতে স্নান করছিল। হঠাৎ তাদের মধ্যে একজন গভীর জলে পড়ে গেল এবং সাহায্যের জন্য চিৎকার করে উঠল। তা শুনে আমি কয়েক সেকেন্ডের জন্য হতভম্ব হয়ে গেলাম। তারপর আমি তাকে সাহায্য করতে চেষ্টা করলাম।

মাধ্যমিক পরীক্ষা-২০০২

There were once two friends- a lion and a bear. One day they went out in search of food. They were very lucky to find a dead deer lying in the forest. They were selfish friends. So each of them demanded full share of the dead animal. They could not reach any settlement. Then, there was a fight between the two.

উত্তর: কোনো এক সময় একটি সিংহ এবং একটি ভালুক- দুজনে বন্ধু ছিল। একদিন তারা খাদ্যের সন্ধানে বের হল। তারা খুব ভাগ্যবান ছিল, বনের মধ্যে একটা মৃত হরিণকে (তারা) পড়ে থাকতে দেখল। তারা ছিল স্বার্থপর বন্ধু। সেইজন্য তারা দু'জনেই মৃত পশুটির সম্পূর্ণ অংশ দাবি করল। তারা কোনো মীমাংসায় পৌছাতে পারল না। তখন তাদের দু'জনের মধ্যে লড়াই শুরু হয়ে গেল।

মাধ্যমিক পরীক্ষা-২০০১

Once two women, quarrelling about the claim of a child, went to the judge for justice. The judge called the executioner and ordered. ‘Cut the child into halves and give one half to each of the women.’ One of the women, when she heard the order, remained silent; but the other woman began to weep.

উত্তর: একদা দু'জন মহিলা একটি শিশুর ওপর অধিকারের দাবিতে ঝগড়া করতে করতে ন্যায়বিচারের জন্য একজন বিচারকের কাছে গেল। বিচারক ঘাতককে ডেকে আদেশ দিলেন, “শিশুটাকে দুখণ্ড করে কেটে ফেল এবং প্রত্যেককে একটি করে খণ্ড দিয়ে দাও”। তাদের মধ্যে একজন এই আদেশ শুনে চুপ করে থাকল; কিন্তু অপর মহিলাটি কাঁদতে শুরু করল।

মাধ্যমিক পরীক্ষা-২০০০

Once a wolf was much pained by a bone that stuck into his throat. He requested everyone to take off the bone and promised a handsome reward. But none ventured to take the risk. At last a crane came and drew out the bone. But when he demanded

the reward the wolf remarked, “You had your break into a wolf's mouth and could take it out safely. Is it not a best reward for you?”

উত্তর: একদা গলায় একটা হাড় বিঁধে যাওয়ায় একটা নেকড়ে বেশ কষ্ট পাচ্ছিল। সে প্রত্যেককেই হাড়টি বের করে দেওয়ার জন্য অনুরোধ করল এবং একটি উৎকৃষ্ট পুরস্কার দেবার অঙ্গীকারও করল। কিন্তু কেউই ঝুঁকি নিতে সাহস পেলনা। শেষে এক সারস পাখি এল এবং হাড়খানি বার করে দিল। কিন্তু সে যখন পুরস্কারটির দাবি করল, তখন নেকড়েটি মন্তব্য করল, “তুমি একটা নেকড়ের মুখে তোমার ঠোঁট ঢুকিয়ে তা নিরাপদে বের করে নিতে পারলে। এটাই কি তোমার কাছে শ্রেষ্ঠ পুরস্কার নয়?”

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৯

Jagadish Chandra Bose showed that there is no difference between the life of plants and animals. If we give the plants a blow they feel it and if we make them drink poison, they are affected by it like us. Like human beings they also sleep at night and wake up in the morning. They even die like men.

উত্তর: জগদীশ চন্দ্র বসু দেখিয়েছিলেন যে, উদ্ভিদ ও প্রাণীদের জীবনের মধ্যে কোনো পার্থক্য নেই। যদি আমরা গাছপালাদের আঘাত করি, তারা তা অনুভব করে এবং যদি আমরা তাদের বিষ পান করাই, এতে তারা আমাদের মতোই ক্ষতিগ্রস্ত হয়। মানুষের মতো তারাও রাতে ঘুমোয় এবং সকালে জেগে উঠে। এমনকি মানুষের মতো তারা মারাও যায়।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৮

Once a mouse disturbed a lion in his sleep. The lion caught the mouse and was going to kill it; but it begged for pardon and was let go. Shortly after, the lion was caught in a strong net. Hearing his roar, the mouse came there and cut the ropes with its teeth. The lion became free.

উত্তর: একবার একটি ইঁদুর এক সিংহের ঘুমের ব্যাঘাত ঘটিয়েছিল। সিংহটি ইদুরটিকে ধরে ফেলে এবং মারতে উদ্যত হল; কিন্তু ইঁদুরটি ক্ষমা ভিক্ষা করল এবং তাকে যেতে দেওয়া হল। কিছুকাল পরে, সিংহটি একটা শক্ত ফাঁদে ধরা পড়ল। তার গর্জন শুনে ইঁদুরটি সেখানে এল এবং দাঁত দিয়ে জালের দড়িগুলি কেটে ফেলল। সিংহটি মুক্ত হল।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৭

Once upon a time two poor woodcutters were going home through a great forest. It was winter and the night was terribly cold. The snow lay thick upon the ground and upon the branches of the trees, and the river was still and silent, for it was quite frozen. It was so cold that the animals and birds did not know what to think about it.

উত্তর: একদা দুই গরিব কাঠুরে বিশাল এক বনের মধ্য দিয়ে বাড়ি যাচ্ছিল। তখন ছিল শীতকাল এবং রাতটা ছিল ভয়ংকর ঠান্ডা। মাটির ওপর এবং গাছের ডালে ঘন তুষার জমে ছিল। নদীটি ছিল স্থির ও নিঃশব্দ, কেননা নদীর জল পুরোপুরি জমে গিয়েছিল। শীত এতই তীব্র ছিল যে পশুপাখিরা কিছু বুঝে উঠতে পারছিল না।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৬

One fine evening a young princess went out to take a walk by herself in a wood. In this wood there was a lake, by the side of which the princess sat down to rest. She had a golden ball in her hand, and this was the plaything she liked most. She was always throwing it up in the air and catching it as it fell.

উত্তর: এক সুন্দর সন্ধ্যায় একজন (যুবতী) রাজকুমারী বনের মধ্যে একাকী পায়ে হেঁটে বেড়াবার জন্য বের হল। এই বনে একটা হ্রদ ছিল, যেটিরর পাশে রাজকুমারী বিশ্রাম নিতে বসে গেল। তার হাতে একটা সেনালি বল ছিল এবং এটাই ছিল তার সবচেয়ে প্রিয় খেলবার জিনিস। সে সবসময় এটাকে ওপরে আকাশের দিকে ছুঁড়ছিল এবং পড়বামাত্র লুফে নিচ্ছিল।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৫

Once two friends started travelling. Their way lay through a forest. As they came half way through the forest, a bear was seen approaching slowly towards them. One of them climbed up a tree. The other did not know how to climb up a tree and lay flat on his face without breathing.

উত্তর: একদা দুই বন্ধু ভ্রমণে বের হল। তাদের পথটি ছিল এক জঙ্গলের ভেতর দিয়ে। যখন তারা জঙ্গলের মধ্য দিয়ে অর্ধেক পথ এসেছে, তখন একটা ভালুককে তাদের দিকে ধীরগতিতে এগিয়ে আসতে দেখা গেল। তাদের মধ্যে একজন একটা গাছে উঠে পড়ল। অন্যজন গাছে উঠতে জানত না এবং (সে) নিঃশ্বাস বন্ধ করে উপুড় হয়ে মাটিতে শুয়ে পড়ল।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৪

Stealing is taking or keeping the property of another without the other's permission. If your classmate leaves his fountain pen on the desk and you pocket it, you are stealing his property to which you have no right. If your friend lends you the cricket bat and you keep it, since he forgets to ask for it, you are dishonest.

উত্তর: চুরি করা হল বিনা অনুমতিতে অন্যের সম্পদ গ্রহণ করা বা রেখে দেওয়া। যদি তোমার সহপাঠী তার ঝরণা কলমটি ডেস্কের ওপর ফেলে যায় এবং তুমি তা পকেটস্থ কর, তাহলে তুমি তার সম্পত্তি চুরি করছ যাতে তোমার কোনো অধিকার নেই। যদি তোমার বন্ধু তোমাকে ক্রিকেট ব্যাট ধার দেয় এবং সে চাইতে ভুলে গেছে বলে তুমি তা রেখে দাও, তাহলে তুমি অসৎ।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯৩

Wealth is no doubt necessary for happiness in life. But it has a tendency to concentrate in the hands of a few. The result is the rich become richer and the poor poorer. This is certainly a misuse of wealth. It should be fairly distributed among all, so that it may bring happiness to the greatest number of people in the society.

উত্তর: জীবনে সুখের জন্য নিঃসন্দেহে সম্পদ প্রয়োজন। কিন্তু অল্প সংখ্যকের হাতে ধন কেন্দ্রীভূত হওয়ার প্রবণতা রয়েছে। এর ফলে ধনীরা আরও ধনী হয় এবং দরিদ্ররা হয়ে যায় আরও দরিদ্র। এটা নিশ্চয়ই সম্পদের অপব্যবহার। এটা সকলের মধ্যে ন্যায্যভাবে বন্টিত হওয়া উচিত, যাতে তা সমাজের অধিকাংশ লোকের কাছে সুখ এনে দিতে পারে।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯২

Student life is the stage of preparation for the future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow. He has different duties. He should perform them well. As a student, his first duty is to study and learn. He should be careful with his lessons.

উত্তর: ছাত্রজীবন হল ভবিষ্যতের জন্য প্রস্তুতির পর্ব। এটি জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অধ্যায়। একজন ছাত্র আজ তরুণ। কিন্তু আগামী দিনে সে একজন পূর্ণবয়স্ক মানুষ হবে। তার বিভিন্ন কর্তব্য রয়েছে। তার উচিত সেগুলি সঠিকভাবে পালন করা। একজন ছাত্র হিসাবে, তার প্রথম কর্তব্য হল পড়াশোনা করা এবং শেখা। পড়াশোনার ব্যাপারে তার যত্নবান হওয়া উচিত।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯১

Honesty is a great virtue. If you do not deceive others, if you do not tell a lie; if you are strictly just and fair in your dealings with others, you are an honest man. Honesty is the best policy. An honest man is respected by all.

উত্তর: সততা একটি মহৎ গুণ। যদি তুমি অপরকে প্রতারিত না কর,যদি তুমি মিথ্যা কথা না বল; অন্যের সঙ্গে আচরণে তুমি যদি কঠোরভাবে ন্যায়পরায়ণ এবং নিরপেক্ষ হও, তাহলে তুমি একজন সৎ মানুষ। সততা হল সর্বোত্তম পন্থা। একজন সৎ মানুষ সবার দ্বারা সম্মানিত হন।

মাধ্যমিক পরীক্ষা-১৯৯০

To see Gokhale at work was as much a joy as an education. He never wasted a minute. His private relations and friendships were all for public good. All his talks had reference only to the good of the country and were absolutely free from any trace of untruth and insincerity.

উত্তর: কর্মরত গোখেলকে দেখা ছিল যতখানি আনন্দজনক, ঠিক ততখানিই শিক্ষামুলক। তিনি কখনো একটি মিনিট সময়ও অপচয় করতেন না। তাঁর ব্যক্তিগত সম্পর্ক এবং বন্ধুত্ব সবই ছিল জনকল্যাণের জন্য। তাঁর সব কথার একমাত্র প্রসঙ্গ ছিল দেশের মঙ্গল এবং সেসব কথা মিথ্যা ও কপটতার ছোঁয়া থেকে সম্পূর্ণ মুক্ত ছিল।

.................................

সমস্ত বাংলা বিষয়ের জন্যঃ- www.shekhapora.com

MCQ প্র্যাক্টিস করতে পারোঃ- www.mcq.shekhapra.com